গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়
ব্রাহ্মণবাড়িয়া
www.dpeo.brahmanbaria.gov.bd

স্মারক নং-৩৮.০১.১২০০.০০০.১১.০০১.২৩-২৫১০

তারিখ : ১৯ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ
০৩ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

# নিয়োগপত্র

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন রাজস্বখাতভুক্ত সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা, ২০২০ এর ফলাফলের ভিত্তিতে কেন্দ্রীয় প্রাথমিক শিক্ষক নির্বাচন কমিটি কর্তৃক সুপারিশকৃত এবং প্রাথমিকভাবে নির্বাচিত নিম্নোক্ত প্রার্থীগণকে জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী বেতনস্কেল : টাকা ১১০০০-২৬৫৯০ (গ্রেড-১৩) বেতনক্রমে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে রাজস্বখাতভুক্ত সহকারী শিক্ষকের শূন্যপদে ২ নং অনুচ্ছেদের শর্ত অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো :

| ক্রমিক নম্বর | রোল নম্বর | উপজেলাভিত্তিক মেধাক্রম | নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম | স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা |
|---|---|---|---|---|---|
| ০১ | ৪৭২২৭৭৭ | ০২ | জনাব মোঃ নূর আলম<br>পিতা/স্বামী-জনাব মোঃ আলী আকবর<br>মাতা-জনাব সালমা বেগম | ৫৭৩, গ্রীন রোড, দক্ষিণ পৈরতলা<br>ডাকঘর-ব্রাহ্মণবাড়িয়া, উপজেলা-সদর<br>জেলা-ব্রাহ্মণবাড়িয়া | ৫৭৩, গ্রীন রোড, দক্ষিণ পৈরতলা<br>ডাকঘর-ব্রাহ্মণবাড়িয়া, উপজেলা-সদর<br>জেলা-ব্রাহ্মণবাড়িয়া |
| ০২ | ৪৭২১৭৫৮ | ০৩ | জনাব মোঃ শফিউল আলম<br>পিতা/স্বামী-জনাব মোঃ জাহাঙ্গীর আলম<br>মাতা-জনাব সায়েদা আক্তার | গ্রাম-বিরামপুর (৬ নং ওয়ার্ড)<br>ডাকঘর-সুলতানপুর, উপজেলা-সদর<br>জেলা-ব্রাহ্মণবাড়িয়া | ৪৪৮, বিরামপুর (কপালী পাড়া)<br>৬ নং ওয়ার্ড, ডাকঘর-সুলতানপুর (৩৪০০)<br>উপজেলা-সদর, জেলা-ব্রাহ্মণবাড়িয়া |
| ০৩ | ৪৭২৭১৪৯ | ০৪ | জনাব সজীব চন্দ্র দাস<br>পিতা/স্বামী-জনাব সুধাংশু চন্দ্র দাস<br>মাতা-জনাব নয়ন তারা রাণী দাস | গ্রাম-দাড়িয়াপুর, ডাকঘর-ব্রাহ্মণবাড়িয়া<br>উপজেলা-সদর, জেলা-ব্রাহ্মণবাড়িয়া | গ্রাম-দাড়িয়াপুর, ডাকঘর-ব্রাহ্মণবাড়িয়া<br>উপজেলা-সদর, জেলা-ব্রাহ্মণবাড়িয়া |

২। (ক) যোগদানের তারিখ থেকে ২(দুই) বৎসর পর্যন্ত চাকুরিকাল শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে;

(খ) নিয়োগপ্রাপ্ত শিক্ষকের সন্তোষজনক পুলিশ প্রতিবেদন (Varification Report) পাওয়া না গেলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগাদেশ সরাসরি বাতিল বলে গণ্য হবে;

(গ) শিক্ষানবিশকালে কর্মদক্ষতা, আচরণ ও সন্তোষজনক চাকুরির রেকর্ড সাপেক্ষে বিধি মোতাবেক চাকরি স্থায়ীকরণের বিষয় বিবেচনা করা হবে এবং শিক্ষানবিশকালে যে কোন ধরণের অসদাচরণের জন্য কোন কারণ দর্শানো ব্যতিরেকেই চাকরি হতে অপসারণ করা যাবে;

(ঘ) সহকারী শিক্ষক নিয়োগ উপজেলা কোটার ভিত্তিতে হয়েছে বিধায় উপজেলার বাহিরে বদলীর আবেদন করা যাবে না;

(ঙ) শিক্ষানবিশকালে কোন ধরণের বদলির আবেদন করা যাবে না;

(চ) শিশুকে শারীরিক ও মানসিক নির্যাতন করা যাবে না, করলে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ছ) নিয়োগপ্রাপ্ত শিক্ষক কর্তৃক যে কোন সময়ে সরবরাহকৃত যে কোন তথ্য ও সনদপত্র মিথ্যা/ভুয়া/ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে এ নিয়োগ আদেশ বাতিল করা হবে এবং প্রচলিত আইনের বিধান অনুযায়ী তাঁর/তাঁদের বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের করা হবে;

(জ) নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণকে যোগদানের পর অন্যূন ০৪ (চার) বৎসরের মধ্যে নির্ধারিত প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। উক্ত প্রশিক্ষণ গ্রহণে ব্যর্থ হলে তার চাকরি স্থায়ী করা হবে না এবং চাকরি বিধি অনুসারে তাঁর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ঝ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ঞ) এ নিয়োগ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে।

৩। নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণকে জেলা প্রাথমিক শিক্ষা অফিসে স্বশরীরে উপস্থিত হয়ে নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান করতে হবে।

৪। অনুচ্ছেদ ১, ২ ও ৩ এ উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ২২ জানুয়ারি ২০২৩ তারিখ রবিবার, পূর্বাহ্ণে জেলা প্রাথমিক শিক্ষা অফিসে যোগদান করবেন। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৫। নিয়োগকৃত শিক্ষকগণ 'বেতন-ভাতাদি প্রাতিষ্ঠানিক কোড নং ১২৪০২০৯০০০০০০ সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ'-এর বেতন-ভাতাদি খাত হতে প্রাপ্য হবেন;

৬। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির স্মারক নং ৩৮.০১.০০০০.১৪৩.১১.০০৮.২০-১৫২, তারিখ: ১৮ অক্টোবর ২০২০-এর অনুবৃত্তিক্রমে এ নিয়োগ প্রদান করা হলো।

Alam 6/1/2023
(মোঃ খোরশেদ আলম)
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
ব্রাহ্মণবাড়িয়া
০২৩৩৪৪২৮৫০৯
dpeobrahm@gmail.com

স্মারক নং-৩৮.০১.১২০০.০০০.১১.০০১.২৩-২৫১০

তারিখ : ১৯ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ
০৩ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
২. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম বিভাগ, বিভাগ।
৩. জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
৪. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, চট্টগ্রাম বিভাগ।
৭. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ৩য় ফেজ (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
৮. সিভিল সার্জন, ব্রাহ্মণবাড়িয়া।
৯. পুলিশ সুপার (বিশেষ), ব্রাহ্মণবাড়িয়া।
১০. জেলা একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, ব্রাহ্মণবাড়িয়া
১১. উপজেলা শিক্ষা অফিসার, সদর, ব্রাহ্মণবাড়িয়া।
১২. জনাব ........................................................................ পিতা/প্রযত্নে ......................................................................

গ্রাম/মহল্লা ...................................................................... ডাকঘর/পোস্ট.................. ........................... কোড

উপজেলা .................................................. জেলা .....................................................।

১৩. সংরক্ষণ নথি।

3/1/2023

(মোঃ খোরশেদ আলম)
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
ব্রাহ্মণবাড়িয়া
০২৩৩৪৪২৮৫০৯
dpeobrahm@gmail.com